

২৩২৪৮ - ৩০/৩/১২

অনলাইনে স্ক্যান করুন ভাইরাস

কম্পিউটার ব্যবহারকারীদের অন্যতম প্রধান শত্রু হচ্ছে ভাইরাস। বিশ্বব্যাপী হ্যাকারদের দৌরাত্ন্যে ভাইরাস আর নানান ধরনের ম্যালওয়্যার বা স্পাইওয়্যারের সাথে প্রতিনিয়তই যুদ্ধ করতে হয়। ভাইরাস, ম্যালওয়্যার বা

স্ক্রেমে সাইজ ৩২ মেগাবাইট পর্যন্ত সমর্থন করে এই সাইট। ফাইল আপলোড করে 'স্ক্যান' কমান্ড দিলেই ফাইলটি স্বয়ংক্রিয়ভাবে স্ক্যান হয়ে যাবে অনলাইনে একাধিক অ্যান্টিভাইরাসের সাহায্যে। কেবল



স্পাইওয়্যারের হাত থেকে রক্ষা পেতে তাই ভালো অ্যান্টিভাইরাসের বিকল্প নেই। তবে প্রতিদিন যে পরিমাণে নতুন নতুন ভাইরাস, ম্যালওয়্যার আর স্পাইওয়্যার তৈরি হয়, তাতে করে কোনো নির্দিষ্ট একটি অ্যান্টিভাইরাসের উপর অনেকই নির্ভর করে থাকতে চান না। কিন্তু একসাথে অনেকগুলো অ্যান্টিভাইরাস ব্যবহার করার উপায় ও নেই। এই ক্ষেত্রে আপনাকে সহায়তা করতে পারে অনলাইন ভাইরাস স্ক্যানার। হ্যাঁ, অনলাইনে ভাইরাস টোটাল সাইটে গিয়ে আপনি যেকোনো ফাইল একাধিক অ্যান্টিভাইরাসের মাধ্যমে স্ক্যান করে নিশ্চিত থাকতে পারেন।

এর জন্য আপনাকে যেতে হবে <http://www.virustotal.com> সাইটে। এখানে গিয়েই আপনি যেকোনো ফাইল আপলোড করতে পারবেন। আর ফাইল আপলোডের

ফাইল স্ক্যানিংয়ের জন্যই নয়, যেকোনো ওয়েবসাইটও যদি স্ক্যান করতে চান, সে কাজটি করে দেবে ভাইরাস টোটাল। আর তার জন্য কেবল আপনাকে সংশ্লিষ্ট সাইটের ইউআরএল আপলোড করে দিতে হবে নির্দিষ্ট স্থানে।

ভাইরাস টোটালে মূলত রয়েছে একটি শক্তিশালী অনলাইন কমিউনিটি। সেই কমিউনিটি থেকেই নানান ধরনের ফাইল আপলোড করে স্ক্যান করার পর সেই ফাইলের যাবতীয় তথ্য সাথে সাথেই পাওয়া যায় ভাইরাস টোটালে। ভাইরাস টোটালের সবচেয়ে বড় সুবিধা হচ্ছে এখানে যেকোনো ফাইল স্ক্যান করার পর আপলোড করা ফাইল বা ওয়েবসাইট সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যায়। ফলে ফাইল বা সাইটটি থেকে স্ক্যান করার পর সেটি সম্পর্কে নিশ্চিন্তে থাকা যায়।